

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সল্লাবাদ ইউনিয়ন পরিষদ

বেলাব, নরসিংদী

সল্লাবাদ ইউনিয়ন পরিষদের জুলাই/২০২৩ মাসের সাধারণ সভার কার্য বিবরণী

সভাপতিঃ জনাব মোঃ জাকির হোসেন (স্বপন), চেয়ারম্যান, সল্লাবাদ ইউপি, বেলাব, নরসিংদী

তারিখঃ ০২/০৭/২০২৩ ইং সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ সল্লাবাদ ইউপি'র অস্থায়ী কার্যালয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: উপস্থিত সদস্যবৃন্দ তালিকা (পরিশিষ্ট ক)

আলোচ্য বিষয়ঃ

ক্র. নং	বিষয়	মন্তব্য
০১.	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	
০২.	ইউনিয়ন পরিষদ আইন, বিধি, পরিপত্র সম্পর্কে আলোচনা	
০৩.	আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা	
০৪.	বাল্য বিবাহ রোধ সম্পর্কে আলোচনা	
০৫.	৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা	
০৬.	বিবিধ আলোচনা	

আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ

ক্র.নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি
০১.	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন: সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর তিনি বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান। এতে কোনরূপ সংশোধন না থাকায় তাহা সর্বসম্মতভাবে গৃহিত হয়। এরপর সভাপতি মহোদয় সকলকে আলোচ্য বিষয় সমূহ সম্পর্কে আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান।	উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	চেয়ারম্যান, সল্লাবাদ ইউপি, বেলাব, নরসিংদী
০২.	ইউনিয়ন পরিষদ আইন, বিধি, পরিপত্র সম্পর্কে আলোচনা: সভায় ইউনিয়ন পরিষদ কর্মচারী চাকুরী বিধিমালা-২০১১, সংশোধিত বিধিমালা ২০১৩, ২০১৫, ২০১৬, ২০১৭ সম্পর্কে আলোচনা করা হয় এবং উক্ত বিধিমালা সমূহের আলোকে ইউনিয়ন পরিষদের কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়।	উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	চেয়ারম্যান, সল্লাবাদ ইউপি, বেলাব, নরসিংদী

০৩.	আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা: সভায় সভাপতি সাহেব আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে সকলকে আলোচনা করার অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে জানান আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক আছে।	উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	চেয়ারম্যান, সল্লাবাদ ইউপি, বেলাব, নরসিংদী
০৪.	বাল্য বিবাহ রোধ সম্পর্কে আলোচনা: সভায় সভাপতি সাহেব ওয়ার্ড ভিত্তিক বাল্য বিবাহ পরিস্থিতি সম্পর্কে সকলকে আলোচনা করার অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে জানান ওয়ার্ডভিত্তিক বাল্যবিবাহ পরিস্থিতি সন্তোষজনক আছে। এখন আর পূর্বের মত বাল্য বিবাহ হচ্ছেনা। সভায় এ বিষয়ে সকলকে সচেতন থাকার অনুরোধ জানানো হয়।	উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	চেয়ারম্যান, সল্লাবাদ ইউপি, বেলাব, নরসিংদী
০৫	সভাপতি সাহেব শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করার জন্য সবাইকে যার যার ওয়ার্ডের তথ্য প্রদান করতে বলেন এবং প্রত্যেক প্রতি মাসে কমপক্ষে ০৫টি নিবন্ধন করানোর জন্য নির্দেশ দেন।	উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	চেয়ারম্যান, সল্লাবাদ ইউপি, বেলাব, নরসিংদী
০৬	বিবিধঃ বিবিধ আলোচ্যসূচিতে সভাপতি সভাকে জানান যে, ইউনিয়নের সার্বিক অবস্থা ভাল রয়েছে। ডেঙ্গু মোকাবেলায় সকলকে সচেতন থাকতে হবে।	উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।	চেয়ারম্যান, সল্লাবাদ ইউপি, বেলাব, নরসিংদী

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। এবং উক্ত সভার কার্য বিবরণীর কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য সচিব সাহেবকে অনুরোধ জানান।

জনাব.....
ইউপি সদস্য.....নং ওয়ার্ড (সকল)



(মোঃ জাকির হোসেন স্বপন)

সভাপতি

ইউপি মাসিক সভা

সল্লাবাদ ইউনিয়ন পরিষদ